

# শাহজাদপুরে গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

December 22, 2015 Posted by Dilep gore under সিরাজগঞ্জের খবর

[No Comments](#)

10



শাহজাদপুর সংবাদদাতা : উন্নত

প্রযুক্তিতে "গাভী পালন ও ব্যবস্থাপনা" শীর্ষক ৩ দিন ব্যাপী ডেইরী খামারী প্রশিক্ষণ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুরে গত সোমবার অনুষ্ঠিত হয়েছে। আঞ্চলিক কেন্দ্রের ইনচার্জ সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত খামারী প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএলআরআই এর মহাপরিচালক ড. নূরনাহারা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শাহজাদপুর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আরিফুজ্জামান, শাহজাদপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. আ: হাই এবং বিএলআরআই এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নাথুরাম সরকার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রেজিয়া খাতুন ও ড. জিল্লুর রহমান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন যে, আমাদের দেশে আবাদী জমির পরিমাণ কমছে। অপরদিকে মানুষের সংখ্যা বাড়ছে। ফলে দুধের চাহিদা বর্তমানের চেয়ে দিন দিন বাড়ছে। এমতাব্যস্থায়, উন্নত প্রযুক্তিতে গাভী পালনের কোন বিকল্প নেই। ফলে আমাদেরকে গাভীর সংখ্যা না বাড়িয়ে বরং গাভী প্রতি দুধ উৎপানের পরিমাণ বাড়াতে হবে। কিভাবে উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে গাভীর দুধ উৎপাদন বাড়ানো যায় সেই বিষয়ে উক্ত প্রশিক্ষণে আপনাদের হাতে কলমে শিখানো হবে। প্রশিক্ষণ হতে প্রাপ্ত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা নিজেদের খামারে কাজে লাগিয়ে গাভীর দুধ উৎপাদন বাড়ানোর পরামর্শ দেন।